


ছাত্রদের নিয়ে রাজনীতিতে বিশ্বাস করি না: এরশাদ

000 023

(নিজস্ব বাতী পরিবেশক)
রাষ্ট্রপতি লে. জে. এইচ. এর এরশাদ বলেছেন, "আমি ছাত্রদের নিয়ে রাজনীতি করার বিশ্বাস করি না। আমি চাই, তাদের দিয়েই তাদের ভাগ্য পরিবর্তন করতে, যাতে তারা যথার্থ অর্থে দেশের সেবক হয়ে উঠতে পারে।"
গতকাল সকালে তিনি শির-কলা একাডেমী মিলনায়তনে জাতীয় ছাত্র পরিষদের সংগঠিত 'ছাত্র-বিগেড'-এর উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন।
পরিকল্পনা অনুযায়ী, এই ছাত্র বিগেডে ছুটিকালীন সময়ে গ্রামে গিয়ে সাধারণ মানুষের সঙ্গে বিশেষ সমাজের উন্নতির জন্য কাজ করবে। প্রাথমিকভাবে ছাত্র-বিগেড-এ এক হাজার ছাত্রকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

আজ সকাল থেকে ছাত্র বিগেড-এর কর্মীরা গ্রামাঞ্চলে যাত্রা শুরু করবে বলে জানা গেছে।
রাষ্ট্রপতি বলেন, "আজ তোমরা রাজনীতি ছেড়ে বাস্তব-মুখী কর্মসূচীতে অংশ নিতে এসেছ। এর মাধ্যমে তোমরা সৃষ্টি করেছ ইতিহাসের নতুন এক পৃষ্ঠা।"
(শেষ পৃ: ২-এর ক: ৪)



রাষ্ট্রপতি, এরশাদ গতকাল সোমবার ছাত্র কর্মী দলের উদ্বোধনী অনুষ্ঠানে

এরশাদ

(১ন পাতার পর)

অধ্যায়।" তিনি বলেন, দেশকে ভাবভাবে গড়ে তুলতে হবে এবং তার জন্য চাই বিশ্বাস ও আত্মপ্রত্যয়।

অনুষ্ঠানে ভাষণদানকালে শিক্ষামন্ত্রী জম্মাথ শামসুল হুদা বলেন, ছাত্র-বিগেড-এর মাধ্যমে এদেশের ছাত্র সমাজ ৬৮ হাজার গ্রামের সাধারণ, মানুষের সঙ্গে সম্পর্কিত হবেন। ছাত্রদের ভবিষ্যৎ নেতৃত্বের জন্য তৈরী হবার আহবান জানিয়ে তিনি বলেন, আশা-দেয় এক ব্যাপক আন্দোলনে শরিক হতে হবে এবং সে আন্দোলন হবে দেশ গড়ার আন্দোলন।

জাতীয় ছাত্র পরিষদের সমন্বয়কারী জনাব জিয়াউদ্দিন আহ-ম্মদ যাবনু বলেন, ছাত্র সমাজ এতদিন অবহেলিত ছিল। এখন প্রমাণিত হয়েছে কাজ পেলে তারা কাজ করতে চায়। তিনি বলেন, এতদিন পর্যন্ত ছাত্রদের দাবার ঘৃণা হিগেবে ব্যবহার করা হয়েছে। কিন্তু আজ রাষ্ট্রপতি এরশাদ চাচ্ছেন, ছাত্ররা রাজনীতি থেকে মুক্ত হয়ে দেশের কাজে লাগুক।

অনুষ্ঠান শুরু হওয়ার আগে মিলনায়তনের তিন নং গার্লিং একটি সীট দখলকে কেন্দ্র করে দু'জন ছাত্রকে পরস্পরের সঙ্গে প্রচণ্ড ঘৃণাঘৃষিতে লিপ্ত অবস্থায় দেখা যায়। সেসময় নব্বই নাইক যোগে ঘোষণা করা হচ্ছিল, আমরা জানিয়ে দিতে চাই, আমরা অত্যন্ত সন্তোষিত।



অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দেন।